

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

বিষয় : বশিবো/কলেজ/ অনূ: ২০২১/৫৪


তারিখ : ২৮.০১.২০২১

বিষয় : একাদশ শ্রেণি(২০২০-২০২১ শিক্ষাবর্ষ) ভর্তির (অন-লাইন)শেয়ারমানির চেক বিতরণ প্রসঙ্গে

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এবং উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সম্মানিত অধ্যক্ষ মহোদয় ও প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষাবোর্ডের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি (অন-লাইন) বাবদ শেয়ার মানির চেক ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। আগামী ৩১-০১-২০২১ থেকে ১১.০২.২০২১ তারিখের মধ্যে কলেজ পরিদর্শক মহোদয়ের কক্ষ থেকে শেয়ারমানির চেক বিতরণ করা হবে। এই চেক গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধান নিজে অথবা তার প্রত্যায়িত প্রতিনিধি, যিনি ন্যূনপক্ষে একজন শিক্ষক হবেন, যার স্বাক্ষর প্রতিষ্ঠান প্রধান সত্যায়িত করবেন, নিম্নোক্ত শর্তে তিনি চেক গ্রহণ করতে পারবেন-

০১. কলেজের হাল নাগাদ পাঠদান অনুমতি নবায়ন পত্র এবং স্বীকৃতি নবায়ন পত্র থাকতে হবে-
০২. ডিগ্রি কলেজের ক্ষেত্রে অবশ্যই শিক্ষাবোর্ড কর্তৃক মনোনীত বিদ্যোৎসাহী সদস্যের পত্র থাকতে হবে।
০৩. কলেজে পাঠদানরত যে সমস্ত বিষয়, পাঠদানের অনুমতির সময় ব্যতীত পরে অনুমোদন হয়েছে - ঐ সমস্ত বিষয়ের ধারাবাহিক পাঠদানের অনুমতি পত্র এবং স্বীকৃতি পত্র থাকতে হবে।
০৪. এডহক/গভর্নিংবডি কমিটির অনুমোদন পত্র থাকতে হবে।

*** শিক্ষাবোর্ড থেকে প্রদত্ত E.I.I.N নম্বরের সাথে এডকরা মোবাইল নম্বর সচল রাখার জন্য অনুরোধ করা হলো।


28-01-2021

ড. মো: লিয়াকত হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।